

## 20226 - কসমেটিকস ব্যবহার করার হুকুম

### প্রশ্ন

নারীদের জন্য কি মেকআপ ব্যবহার করা অনুমোদিত; যদি এতে প্রাণী থেকে উৎপাদিত ও এলকোহলিক কোন উপাদান না থাকে?

### প্রিয় উত্তর

শাইখ মুহাম্মাদ সালেহ আল-উছাইমীন বলেন:

"শরিয়তের গণ্ডিতে থেকে কোন নারীর তার স্বামীর জন্য সাজসজ্জা করা বাঞ্ছনীয় বিষয়। যেহেতু স্ত্রী যত সাজসজ্জা করবে সেটা স্বামী কর্তৃক স্ত্রীকে ভালবাসা ও উভয়ের মাঝে সম্প্রীতির আহ্বায়ক। এটা তো শরিয়তেরই উদ্দেশ্য। যদি মেকআপ নারীকে সৌন্দর্যমণ্ডিত করে, নারীর কোন ক্ষতি না করে তাহলে এতে কোন অসুবিধা নেই ও গুনাহ নেই।

কিন্তু আমি শুনেছি মেকআপ মুখের ত্বকের ক্ষতি করে। যার ফলে চেহারা বিদঘুটেভাবে পরিবর্তন হয়ে যায়; বৃদ্ধ বয়সে পরিবর্তন হওয়ার সময় আসার আগেই। আমি আশা করব, নারীরা এ ব্যাপারে ডাক্তারদেরকে জিজ্ঞেস করবেন। যদি এটা সাব্যস্ত হয়: সেক্ষেত্রে মেকআপ করা হারাম হবে; নিদেনপক্ষে মাকরুহ হবে। কেননা যা কিছু (মানুষকে) বিকৃত করে কিংবা বিশি করে সেটা হারাম কিংবা মাকরুহ।

প্রসঙ্গতঃ আমি উল্লেখ করতে চাই যে, যেটাকে নেইল পলিশ বলা হয়, যা নারীরা নখের উপর ব্যবহার করে থাকে, যেটার প্রলেপ রয়েছে— নামায পড়েন এমন নারীর জন্য সেটা ব্যবহার করা জায়েয নয়। যেহেতু তা পবিত্রতা অর্জনের সময় পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে। যে সকল জিনিস পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে ওয়ুকারী বা গোসলকারীর জন্য সেগুলো ব্যবহার করা জায়েয নয়। কেননা আল্লাহ তাআলা বলেন: "তোমরা তোমাদের মুখমণ্ডলসমূহ ও পাগুলো ধৌত কর"। [সূরা মায়িদা, আয়াত: ৬] যদি কোন নারীর নখের উপর নেইল পলিশ থাকে; যেটা পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে তার ক্ষেত্রে এ কথা বলা শুদ্ধ হবে না যে, সে হাত ধৌত করেছে। এভাবে সে ওয়ু বা গোসলের একটি ফরয বর্জন করল। আর যে নারীর নামায নাই তার জন্যে এটি ব্যবহার করতে কোন দোষ নাই। তবে, এটি যদি কাফের নারীদের বৈশিষ্ট্য হয়ে থাকে তাহলে সেক্ষেত্রেও এটি ব্যবহার করা নাজায়েয হবে; যেহেতু তাদের সাথে সাদৃশ্য গ্রহণ করা নাজায়েয।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।